সংবাদ

তারিখ ... 19 JAN 2016 ...
পৃ: ... ৪ ... কলাম ... ৩ ...

# মেট্রোরেলের পক্ষে-বিপক্ষে দাবি
# উপাচার্যকে স্মারকলিপি পেশ

**বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দোয়েল চত্বর, বাংলা একাডেমি, টিএসসি, চারুকলা অনুষদ হয়ে মেট্রোরেল প্রকল্পের পক্ষে ও বিপক্ষে স্মারকলিপি পেশ করেছে দুটি পক্ষ। গতকাল দুপুরে মেট্রোরেল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার জন্য ক্ষতিকর ও শিক্ষার পরিবেশ বিনষ্টকারী দাবি করে বিকল্প কিছু প্রস্তাব দিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর স্মারকলিপি পেশ করেছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা। এদিকে মেট্রোরেল প্রকল্পের পক্ষে দাবি রেখে উপাচার্য বরাবর আরেকটি স্মারকলিপি দিয়েছে বিশ্ববিদ্যালয়ের মিরপুর রুটের বাস সার্ভিস বৈশাখী ও চৈতালি এবং টঙ্গী রুটের ক্ষণিকার শিক্ষার্থীরা। তারাও গতকাল দুপুরে উপাচার্য বরাবর এ স্মারকলিপি দেয়। এর আগে গতকাল সকালে টিএসসির রাজু ভাস্কর্যের সামনে তারা একই দাবিতে মানববন্ধন করে। উল্লেখ্য, মেট্রোরেল যাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওপর দিয়ে না যায় সে দাবিতে গত কয়েকদিন থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা মানববন্ধন করে আসছে। তাদের দাবি, আমরা উন্নয়নের পক্ষে।